

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



মেন্টর হবার মূল্য আছে

প্রিয় নিউ ইয়র্কবাসীগণ,

কথায় বলে: একজন পথ-নির্দেশনা প্রদানকারী (মেন্টর) ছাড়া কোনো কিশোর-কিশোরী হলো একজন মানচিত্রহীন অভিযাত্রী।

গত মাসে আমরা আমাদের প্রথম 'কী অ্যাওয়ার্ডস্'-এর আয়োজন করেছিলাম, যা আমাদের স্কুলগুলোতে শিক্ষার্থীদের বড় স্বপ্ন দেখতে ও তাদের পূর্ণ সম্ভাবনা বাস্তবায়ন করতে উৎসাহ দেয়ার মাধ্যমে পথ-নির্দেশনা প্রদানকারী মেন্টরদেরকে অভিনন্দিত করেছে। এসব মেন্টরদের মধ্যে আছেন শিক্ষাবিদ, কমিউনিটি সদস্য, নেতৃত্বশীল ব্যবসায়ী, এবং ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলোপমেন্ট-এর মতো সিটির বিভিন্ন এজেন্সির কর্মীগণ।

আমরা সেসব শিক্ষার্থীদেরকেও অভিনন্দিত করেছি যারা এই সুযোগটি কাজে লাগিয়েছে এবং তাদের মেন্টরদের পথ-নির্দেশনায় তাদের শিক্ষাগত যাত্রায় উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। এই শিক্ষার্থীরা পাঁচ বরোর 34-টি স্কুল থেকে এসেছে, যার মধ্যে অনেক স্কুল আমাদের সিগনেচার নিরাপত্তা বিষয়ক উদ্যোগ [প্রজেক্ট পিভট](#)

(PIVOT)-এ অংশগ্রহণ করছে। শিক্ষার্থীদেরকে সামাজিক-আবেগজনিত সহায়তা এবং সহিংসা প্রতিরোধমূলক প্রচেষ্টায় অগ্রণী ভূমিকা রাখতে প্রজেক্ট পিভট (PIVOT) কমিউনিটিতে গভীর শিকড় গেড়ে আছে যেসব স্থানীয় সংস্থা সেগুলোর সাথে স্কুলগুলোকে সংযুক্ত করে।

অনুষ্ঠানটিতে আমি 1,400 জন অতিথির পাশাপাশি এই মেন্টরদের উদ্দেশ্যে মেন্টরশিপ-এর ক্ষমতা সম্পর্কে কথা বলেছি। মেন্টরগণ নতুন নতুন সম্ভাবনা ও জীবনধারা উন্মোচন করে, সেবিষয়ের প্রতি গুরুত্ব দিয়েছি। যাই হোক, ম্যারিওয়ন রাইট এডেলম্যান (Marian Wright Edelman) একদা বলেছিলেন, "আপনি যা দেখেন না, আপনি তা হতে পারবেন না।"

তবুও একজন মেন্টর হতে হলে কোনো আনুষ্ঠানিক প্রোগ্রাম বা পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রয়োজন নেই। পরিবার ও কর্মীগণ: আপনারা ইতোমধ্যেই আপনাদের বলয়ের মাঝের কিশোর-কিশোরীদের জন্য মেন্টর হিসেবে ভূমিকা পালন করছেন। তারা আপনাদের দেখে এবং আপনাদের কাছ থেকে প্রেরণা লাভ করে। আমরা যখন সামারের (গ্রীষ্মের) ছুটির জন্য প্রস্তুত হচ্ছি, তখন আপনি আমাদের শিক্ষার্থীদের মেন্টর হিসেবে কীভাবে আবির্ভূত হতে পারে তার বিভিন্ন পন্থা সম্পর্কে চিন্তাভাবনা অব্যাহত রাখতে উৎসাহিত করছি, বিশেষত যখন তারা তাদের দিনগুলো স্কুলে ব্যয় করবে না। মেন্টরশিপ হলো সপ্তাহের 7 দিন 24 ঘন্টার ভূমিকা, এবং এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। জীবনের বিভিন্ন বাঁকে ও আবর্তে অগ্রযাত্রা অব্যাহত রাখার জন্য আমরা শিক্ষার্থীদের পথ-নির্দেশনা দেয়ার সময় তাদের জন্য বলিষ্ঠ সূচনা এবং উজ্জ্বল ভবিষ্যতের জন্য প্রস্তুত করি।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যাম্পেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের ইউটিউব পেজ [দেখুন](#)।

সর্বসম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্ক্রাইব](#) করুন।